# Symbiox Investment & Trading Co. Ltd.

221, Rabindra Sarani, 3rd Floor
Room No. - 1, Kolkata - 700 007
Contact : 98302 74227
CIN : L65993WB1979PLC032012
Website : www.symbioxinvestment.com
E-mail : symbioxinvestment100@gmail.com

**To,**
**Compliance Department**
**Metropolitan Stock Exchange of India Limited**
Vibgyor Towers, 4th floor, Plot No C 62, G - Block,
Opp. Trident Hotel, Bandra Kurla Complex,
Bandra (E),
Mumbai – 400 098

**To,**
**The Calcutta Stock Exchange Limited**
7 Lyons Range,
Kolkata – 700 001

To,
**The Bombay Stock Exchange Limited**
Corporate Relationship Dept,
Phiroze Jeejeebhoy Towers
Dalal Street
Mumbai- 400001

**Sub: Intimation under Regulations 47 and 30 and all other applicable regulations, if any, of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, as amended from time to time - Newspaper Advertisement for dispatch of Notice of Extraordinary General Meeting (EOGM) along with e-voting information.**

**Ref: Ref. Script Code: - BSE-539278; MSEI- SYMBIOX; CSE- 029461**

Dear Sir/Madam,

Pursuant to Regulation 47 and 30 of SEBI (LODR), Regulations 2015, as amended time to time, please find enclosed herewith a copy of advertisement published on 23rd February, 2023 in Newspapers viz.1. Financial Express — English Newspaper and Sukhabar — Bengali Newspaper informing about completion of dispatch of Notice of the EOGM to be held on **Monday, 20th March, 2023** and availability of remote e-voting facility to the Shareholders.

The above information is also available on the Company's website www.symbioxinvestment.com.

Kindly take the same on record.

Thanking you,
For Symbiox Investment & Trading Co Ltd

Neha Pansari
Company Secretary
M. No. 31763

# কুলতলিতে মা ও প্রেমিক মিলে ৪ বছরের শিশুকে খুন, ধৃত মা

**জয়িতা বন্দ্যোপাধ্যায়, বারুইপুর :** মায়ের পরকীয়া সম্পর্কে কাঁটা হয়ে দাঁড়িয়েছিল ৪ বছরের ছেলে। তাই মঙ্গলবার সন্ধ্যায় কুলতলি থানার কুন্দখালি গোদাবর পঞ্চায়েতের পূর্ব আলতেখালি এলাকায় শিশুটিকে মাটিতে আছাড় মেরে পরে শ্বাসরোধ করে খুন করার অভিযোগ ওঠে। ঘটনাটি জানাজানি হতেই কুলতলি থানায় খবর দেওয়া হয়। পুলিশ ঘটনাস্থলে গিয়ে দেহ উদ্ধার করে। শিশুর মা মাফুজা পিয়াদাকে পুলিশ গ্রেফতার করেছে। প্রেমিক আবুল হোসেন শেখের খোঁজে পুলিশ তল্লাশি চালাচ্ছে। ওই শিশুর বাবা তোয়েব আলি পিয়াদা স্ত্রী ও তার প্রেমিকের বিরুদ্ধে খুনের অভিযোগ দায়ের করেছেন। জানা গেছে, তোয়েব আলি পিয়াদা সেলাইয়ের কাজ করেন। বাড়িতে স্ত্রী মাফুজা একাই থাকত। এর মধ্যে জালাবেড়িয়ার গাজীরহাটের বাসিন্দা আবুল হোসেন শেখের সঙ্গে সে ৫ মাস আগে অবৈধ সম্পর্কে জড়িয়ে পড়ে। স্বামীর অনুপস্থিতে মাফুজাদের বাড়িতে প্রায় যাতায়াত করত আবুল হোসেন। মঙ্গলবার সকাল ১১টার পর আবুল মাফুজার বাড়িতে এসে তাকে নিয়ে পালিয়ে যাওয়ার পরিকল্পনা করেছিল। ছেলেকে সঙ্গে নিয়ে যেতে চায়নি আবুল। এরপর ২জনে মিলে শিশুটিকে খুন করে। প্রতিবেশী আবু সিদ্দিকী পিয়াদা বলেন, শিশুটিকে জখম করে এক নার্সিংহোমে নিয়ে গিয়েছিল মাফুজা বিবি। সেখানে ডাক্তাররা জানিয়েছিল অনেক আগেই সে মারা গিয়েছে। পরে মাফুজা খুনের কথা স্বীকার করে।



## ভাঙড়ে তাজা বোমা উদ্ধার

**নিজস্ব সংবাদদাতা, ভাঙড় :** রাজনৈতিক অশান্তির জেরে তপ্ত হয়ে রয়েছে ভাঙড়ে। লাগাতার অশান্তি ও পুলিশি ধরপাকড় চলছে। তার মধ্যেই নতুন করে ভাঙড়ে তাজা বোমা উদ্ধার হয়। পুলিশ জানিয়েছে, ভাঙড়ের বানিয়াড়া খাল পাড় থেকে ১টি বস্তার ভেতর থেকে ৮টি তাজা বোমা উদ্ধার হয়েছে। মঙ্গলবার গভীর রাতে বোমা বাঁধার খবর পেয়ে কাশীপুর থানার পুলিশ সেখানে হানা দেয়। পুলিশের গাড়ি আসতে দেখেই দুষ্কৃতীরা পালিয়ে যায়। এরপরেই পুলিশকর্মীরা বানিয়ারা খালপাড় থেকে বস্তা ভরতি বোমা উদ্ধার করে। কে বা কারা এই বোমা মজুত করেছিল, তার তদন্ত শুরু করেছে পুলিশ। বুধবার বম্ব স্কোয়াড টিম বোমা নিষ্ক্রিয় করে। ঘটনাটি ঘিরে এলাকায় ফের আতঙ্ক ছড়িয়েছে। পুলিশও সজাগ রয়েছে।

# জেলের মধ্যেই পার্থকে মগ ছুড়ে আক্রমণ কয়েদির

**উজ্জ্বল দত্ত, কলকাতা :** কয়েকদিন আগে প্রেসিডেন্সি সংশোধনাগারের মধ্যেই প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়কে মগ ছুড়ে আক্রমণ করে মুসা নামে এক বিচারাধীন কয়েদি। এই মুসা সংশোধনাগারের সেলের মধ্যে যথেষ্ট ভয়ঙ্কর বলে পরিচিত। সে জঙ্গিহানার এক মামলায় বিচারাধীন বন্দি। সংশোধনাগার সূত্রে খবর, এই ঘটনায় পার্থ চট্টোপাধ্যায় জেলের মধ্যে পড়ে গিয়ে তাঁর ঠোঁট কেটে যায়। এজন্য বুধবার এসএসকেএম থেকে ১টি মেডিক্যাল টিম সংশোধনাগারে গিয়ে পার্থ চট্টোপাধ্যায়কে দেখে যায়। সূত্রের খবর, কয়েকদিন আগে লকআপে কয়েদিদের ঢোকানোর সময় প্রাক্তন শিক্ষামন্ত্রীকে কর্তব্যরত কারাকর্মীরা বার বার ঢুকতে অনুরোধ করেন। পার্থ চট্টোপাধ্যায় তা সত্ত্বেও ঢুকতে দেরি করছিলেন। ওই সময়ই কয়েদি মুসা প্রাক্তন মন্ত্রীর দিকে মগ ছোড়ে। টাল সামলাতে না পেরে পার্থ চট্টোপাধ্যায় পড়ে যান। ঠোঁটে চোট পান। এরপরই কারা কর্তৃপক্ষ মুসাকে অন্য জায়গায় সরিয়ে দেয়। প্রসঙ্গত, ৪ মাসেরও বেশি সময় ধরে পার্থ চট্টোপাধ্যায় প্রেসিডেন্সি সংশোধনাগারে রয়েছেন। সেই থেকেই বার বার তাঁর জামিনের আবেদন খারিজ হচ্ছে। জেলের আরেকটি সূত্রে জানা গেছে, ১৯ ফেব্রুয়ারি সংশোধনাগারের মধ্যেই ওই ২জন মুখোমুখি হতেই অঘটন ঘটে। পার্থ চট্টোপাধ্যায়ের পড়ে যাওয়ার পেছনে নাকি রয়েছে জঙ্গি মুসার 'মল'। সে মগের মধ্যে মল ভরে তা ছোড়ে। প্রসঙ্গত, আইএস জঙ্গি মুসা ওরফে মহম্মদ মসিউদ্দিন ২০১৬ সালের ৪ জুলাই ধরা পড়ে। বর্ধমান স্টেশন থেকে তাকে রেলপুলিশ ও সিআইডি গ্রেফতার করে। মুসা বীরভূমের লাভপুরের বাসিন্দা। যাবজ্জীবন সাজাপ্রাপ্ত মুসা প্রেসিডেন্সি জেলে রয়েছে। গত কয়েকমাস ধরে সেটাই পার্থ চট্টোপাধ্যায়েরও ঠিকানা। এর আগেও কলকাতার নগর ও দায়রা আদালতে এজলাসে দাঁড়িয়ে বিচারকের দিকে সে জুতো ছুড়েছিল।




# মাকড়দহে রাস্তা নিয়ে দুর্নীতির অভিযোগ

**ভাস্কর বিশ্বাস, হাওড়া :** হাওড়ার মাকড়দহে রাস্তা নিয়ে দুর্নীতির অভিযোগ তুলে বুধবার সকালে স্থানীয় ১নং গ্রামপঞ্চায়েত কার্যালয়ের সামনে স্থানীয় মানুষ বিক্ষোভ দেখান। তাঁদের অভিযোগ, স্থানীয় শ্রীমানি পাড়ায় রাস্তাই তৈরি হয়নি। অথচ রাস্তা তৈরি হয়েছে বলে সেখানে ঘটা করে ফলক লাগানো হয়েছে। পঞ্চায়েত অফিসে এর সুরাহা চাইতে এসে দেখা যায় অফিস বন্ধ। রাস্তা তৈরির টাকা কোথায় গেল তার জবাব পঞ্চায়েত প্রধানকেই দিতে হবে। এলাকায় বৃষ্টি হলে এক হাঁটু জল জমে যায়। নিকাশির কোনো ব্যবস্থা নেই। পাশাপাশি আগাছার জঙ্গল হয়ে থাকলেও রাস্তাঘাট নিয়মিত সাফাই হয় না। স্থানীয় বাসিন্দা সান্ত্বনা দে বলেন, 'রাস্তা তৈরির আগে ফলক পাতা হয়ে গেছে। এটা দেখার পর পঞ্চায়েতে অভিযোগ জানাতে এসেছিলাম। কিন্তু প্রধান আজ অফিসে আসেননি। সেক্রেটারিও নেই। ঘরে তালা বন্ধ অবস্থায় রয়েছে। আগে দেখলে ফলক বসাতে দিতাম না। ফলক বসানোর পর জানতে পেরেছি। ১ সপ্তাহের মধ্যে রাস্তা, নিকাশি নালা চাই। রাস্তা সারাইয়ের টাকা গেল কোথায়? যাঁরা এই টাকা নিয়েছেন তাঁদের গ্রেফতার করা হোক।' আরেক স্থানীয় বাসিন্দা মৌমিতা অধিকারী বলেন, 'ড্রেনের জন্য এসেছি। আমাদের রাস্তা কাঁচা রয়েছে। টাকার অনুমোদন হয়ে গেছে। ফলক লাগিয়ে দিয়েছে। সেজন্য পঞ্চায়েতে এসেছি। কিন্তু পঞ্চায়েতের দরজায় তালা বন্ধ। পুলিশ এসে বাইরে বের করে দিয়েছে। অভিযোগ জানাতে এসে প্রায়ই ফিরে যেতে হয়। রাস্তার জন্য, রাস্তায় জল জমা প্রভৃতি কারণের জন্য একাধিক অভিযোগ জমা দেওয়া হয়েছে। ১ সপ্তাহের মধ্যে রাস্তা ঠিক করতে হবে।' স্থানীয় বাসিন্দা জয়ন্ত দাস বলেন, 'এটা রাস্তা চুরির দুর্নীতি। শ্রীমানি পাড়ায় রাস্তা তৈরির যে ফলক লাগানো হয়েছে সেখানে রাস্তা তৈরি হয়নি। আমাদের আবেদন, পঞ্চায়েত প্রধানের বিরুদ্ধে তদন্ত হোক।' যদিও এদিন ওই পঞ্চায়েতের তরফ থেকে কিছু জানা যায়নি।

## হেলথ অফিসারকে শোকজ বিধায়কের

**নিজস্ব সংবাদদাতা, বারুইপুর :** এলাকার মানুষজনের সঙ্গে বারুইপুর ব্লকের ফুলডুবি উপস্বাস্থ্যকেন্দ্রের কমিউনিটি হেলথ অফিসারের সমন্বয়ের অভাব ছিল। বুধবার দিদির সুরক্ষা কর্মসূচিতে বারুইপুর পূর্বের বিধায়ক বিভাস সরদার বারুইপুরের রামনগর ১নং পঞ্চায়েত এলাকায় গিয়েছিলেন। উপস্বাস্থ্য কেন্দ্র পরিদর্শনে গিয়ে তিনি ওই অভিযোগ পেয়ে কমিউনিটি হেলথ অফিসারকে শোকজ করেন। এদিন গ্রামের বাসিন্দাদের কাছ থেকে তিনি পানীয় জলের সমস্যা নিয়ে অভিযোগ শোনেন। এরপর উপস্বাস্থ্যকেন্দ্রে গিয়ে আশাকর্মী, নার্সদের কাজ খতিয়ে দেখেন। অনেকে অভিযোগ করেন, এই উপস্বাস্থ্যকেন্দ্র দুপুর ৩টের পরেই বন্ধ হয়ে যায়। বিধায়ক এই সমস্যা খতিয়ে দেখে ব্যবস্থা নেওয়ার আশ্বাস দেন। বিধায়কের সঙ্গে ছিলেন পঞ্চায়েত প্রধান কাহার সরদার।

## খড়গপুরে ব্যবসায়ীকে হেনস্থা

**সুমনকুমার দাস, খড়গপুর :** খড়্গপুর পুরসভায় পুরপ্রধানের ঘরে বুধবার ব্যবসায়ী অজয় বাকলিকে হেনস্থার অভিযোগ উঠল তৃণমূলের এক প্রাক্তন কাউন্সিলরের বিরুদ্ধে। তাঁকে প্রাণনাশেরও হুমকি দেওয়া হয়েছে বলে অভিযোগ। অজয় বাকলির কৌশল্যা এলাকায় পেট্রোল পাম্প রয়েছে। তিনি খড়্গপুর টাউন থানায় ওই প্রাক্তন কাউন্সিলর সহ ৩ জনের বিরুদ্ধে লিখিত অভিযোগ দায়ের করেছেন। ওই ব্যবসায়ী তাঁর দুই মেয়ে পৌলমী ও প্রিয়ঙ্কাকে নিয়ে সাংবাদিক বৈঠক করে জানান, 'পুরসভার ক্রিকেট প্রতিযোগিতা নিয়ে আলোচনা করতে গত ৩ ফেব্রুয়ারি আমাকে পুরসভায় ডেকে পাঠানো হয়। পুরপ্রধানের কক্ষে বসানো হয়। সেসময় উপপুরপ্রধান তৈমুর আলি খান, প্রাক্তন পুরপ্রধান রবিশংকর পাণ্ডে, কাউন্সিলর অপূর্ব ঘোষ, প্রবীর ঘোষ, চন্দন সিং ও রোহন দাস ছিলেন। আলোচনার মধ্যেই সেখানে আসেন তৃণমূলের প্রাক্তন কাউন্সিলর দেবাশিস চৌধুরী। আমাকে দেখেই মুনমুন অশ্লীল ভাষায় গালিগালাজ করতে শুরু করেন। জানুয়ারি মাসে খড়্গপুর বইমেলার জন্য মুনমুন আমার বাড়িতে এসে ৫ লাখ টাকা ডোনেশন চেয়েছিলেন। এত টাকা দিতে পারব না বলায় পুরসভায় সুযোগ পেয়ে মুনমুন আমাকে হেনস্থা করেছেন।'

## কুলতলিতে জঙ্গলের রাস্তায় ২৫টি সৌরবিদ্যুৎ

**নিজস্ব সংবাদদাতা, বারুইপুর :** বন্যপ্রাণীর হাত থেকে রক্ষা পেতে সুন্দরবনের কুলতলির জঙ্গল লাগোয়া গ্রামের রাস্তায় বসানো হল ২৫টি সৌর বিদ্যুৎ। বুধবার দক্ষিণ ২৪ পরগনা বন বিভাগ ও ২টি স্বেচ্ছাসেবী সংস্থার উদ্যোগে এই কাজের সূচনা হয়। ছিলেন দক্ষিণ ২৪ পরগনা বন বিভাগীয় আধিকারিক মিলন মণ্ডল। কুলতলির দেউলবাড়ি, মধ্য গুড়গুড়িয়া, ভুবনেশ্বরী, পূর্ব গুড়গুড়িয়া গ্রামের রাস্তায় এই সৌর বিদ্যুৎ বসানো হয়েছে। বনবিভাগীয় আধিকারিক মিলন মণ্ডল বলেন, এই সৌর বিদ্যুৎ প্রতিবছর ১৮২ কিলোওয়াট বিদ্যুৎ উৎপাদন করবে। এই আলো বাঘের পথ হারাতে সাহায্য করবে।

## বর্ধমানে খুনের ঘটনায় শিক্ষা নিয়ে ড্রাইভারস সোসাইটির উদ্যোগ

**বিপুন ভট্টাচার্য, বর্ধমান :** মঙ্গলবার পাণ্ডুয়ায় বর্ধমানের গাড়িচালক উদয়ন বিশ্বাসের খুনের ঘটনায় নড়েচড়ে বসেছে পূর্ব বর্ধমান ড্রাইভারস ওয়েলফেয়ার সোসাইটি। বুধবার বর্ধমান সংস্কৃতি লোকমঞ্চে ওই সংস্থার উদ্যোগে চতুর্থ বার্ষিক সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। ছিলেন বর্ধমান দক্ষিণের বিধায়ক খোকন দাস, বর্ধমান চেম্বার অব ট্রেডার্সের সভাপতি বিশ্বেশ্বর চৌধুরী, পুরসভার কাউন্সিলর ইন্তেকাব আলম সহ অন্যান্যরা। এদিন এই সংগঠনের জেলা সভাপতি সৌমেন দাস জানান, 'মঙ্গলবার যে ঘটনা ঘটেছে তাতে আমরা আতঙ্কিত। বেশিরভাগ ক্ষেত্রেই গাড়িচালকরা অন্যের গাড়ি চালান। এই সংগঠনে এখনো পর্যন্ত প্রায় ১১০০জন সদস্য রয়েছেন। পূর্ব বর্ধমান জেলা ছাড়াও বীরভূম, বাঁকুড়া, পুরুলিয়া সহ আরো কয়েকটি জায়গাতেও সংগঠনের শাখা রয়েছে। আমরা সংগঠনের সব সদস্যদেরই জানিয়ে দিয়েছি কোনো ভাড়া পেলে বিশেষত রাতে যিনি ভাড়া নিচ্ছেন তাঁর আধার কার্ড সহ পরিচয়পত্র বাধ্যতামূলকভাবে দেখাতে হবে। সংগঠনের সদস্যদের জানিয়ে দেওয়া হয়েছে অপরিচিত কেউ গাড়ি ভাড়া নিতে আসলে যিনি ভাড়া নিচ্ছেন তাঁর পরিচয়পত্র সোসাইটিকে পাঠানোর পর তবেই তিনি ভাড়া নিয়ে যেতে পারবেন। সংগঠনের সদস্যরা অনেকেই তা মেনে চলছেন। তবে দিনের বেলায় এটা করা হচ্ছিল না। মঙ্গলবারের ঘটনার পর আমরা ঠিক করেছি এখন থেকে যখনই কেউ গাড়ি ভাড়া নেবেন তাঁদের পরিচয়পত্র দেখাতে হবে। নাহলে গাড়ি ভাড়া দেওয়া যাবে না। গাড়ির চালক ও গাড়ির নিরাপত্তার জন্য এই ব্যবস্থা চালুর পাশাপাশি আরো কিছু ব্যবস্থা নেওয়ার জন্য উদ্যোগ নেওয়া হয়েছে।'

# কেন্দ্রীয় সংস্থা ব্রিজ অ্যান্ড রুফ কোম্পানির মুকুটে সাফল্যের নয়া পালক




**নিজস্ব সংবাদদাতা, কলকাতা :** ভারত সরকারের ভারী শিল্পের অধীন ১০৪ বছরের প্রাচীন মিনি রত্ন পাওয়া কেন্দ্রীয় সরকারি সংস্থা ব্রিজ অ্যান্ড রুফ কোম্পানি লিমিটেড এমন একটি নাম যা দেশের পাশাপাশি সারা বিশ্বে সরকারি ও বেসরকারি ক্ষেত্রে কাজ করে। সেই কোম্পানির মুকুটে সাফল্যের আরেকটি পালক যোগ হয়েছে। সংস্থার সিএমডি রাজেশকুমার সিং সম্মানজনক পুরস্কার 'সিএমডি লিডারশিপ অ্যাওয়ার্ড' অর্জন করেছেন। ১৬ ফেব্রুয়ারি নিউ দিল্লিতে নবম 'পিএসইউ' পুরস্কার'-এর জন্য এক অনুষ্ঠান হয়। সেখানেই দেশের প্রাক্তন প্রধান বিচারপতি দীপক মিশ্র এই পুরস্কার রাজেশকুমার সিং'র হাতে তুলে দেন।

## হাওড়ার প্রাথমিক স্কুলে মিড ডে মিলের খাবারের মান নিয়ে ক্ষোভ

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** বুধবার সকালে হাওড়ার সাঁতরাগাছির কেদারনাথ গালর্স স্কুলের প্রাথমিক বিভাগে মিড ডে মিলের খাবার নিয়ে উত্তেজনা ছড়ায়। অভিভাবকদের অভিযোগ, এদিন প্রায় ২০০জন ছাত্রী ক্লাসে হাজির ছিল। তাদের মধ্যে মাত্র ৮০জন ছাত্রীকে রান্না করা খাবার দেওয়া হয়। মেনুতে ছিল রাইস, মাংস ও চাটনি। অল্প খাবার আসায় বাকি ছাত্রীরা প্রথমে খাবার পায়নি। তারা দীর্ঘক্ষণ ধরে স্কুলেই অপেক্ষা করে। পরে খাবার এলেও সেই খাবারের মান খুবই খারাপ ছিল বলে অভিভাবকরা অভিযোগ তোলেন। এনিয়ে ক্ষুব্ধ অভিভাবকরা স্কুলের সামনে ক্ষোভে ফেটে পড়েন। স্কুল কর্তৃপক্ষকে ব্যাপারটা জানালে তারা বলে ব্যাপারটা দেখছি। এক অভিভাবক বলেন, 'প্রতিদিনই রান্না খুব বাজে হয়। এমন খাবার দেওয়া হয় যা অনেক বাচ্চাই খায় না। যারা খাবার দেয় তাদের সঙ্গে মিটিং হয়েছে। ১৫ ফেব্রুয়ারি থেকে এটা বদল হওয়ার কথা ছিল। এদিন পর্যন্ত খাবারের মানের কিছু বদল হয়নি।' এক ছাত্রী জানায়, 'মিড ডে মিল নেওয়ার জন্য লাইনে দাঁড়াতে বলা হয়। পরে জানানো হয় খাবার নেই।' এদিকে হাওড়া জেলা প্রাথমিক শিক্ষা দফতরের চেয়ারম্যান কৃষ্ণ ঘোষ জানান, যে স্বনির্ভর গোষ্ঠী খাবারের দায়িত্বে ছিল তাদের সরানো হয়েছে।

## হাওড়ায় বাইক চুরির চক্রে ধৃত ২

**নিজস্ব সংবাদদাতা, হাওড়া :** স্কুটি ও বাইকের চাবি হারিয়ে গেলে কীভাবে সেফটিপিনের সাহায্যে চাবি ছাড়াই গাড়ি চালানো যায় তা নিয়ে ইউটিউবে ১টি ভিডিও তৈরি করেছে অন্য রাজ্যের ২ যুবক। ইউটিউবের ভিডিও দেখেই বাইক চুরি চক্রের সদস্যরা চাবি ছাড়া স্কুটি বা বাইকের লক খুলে তা চালিয়ে নিয়ে যাওয়ার ঘটনা ঘটছে। সম্প্রতি ১টি স্কুটি চুরির ঘটনার তদন্তে নেমে হাওড়া সিটি পুলিশ এই তথ্য জানতে পারে। ঘটনার সঙ্গে জড়িত থাকার অভিযোগে এক কিশোর ও শেখ আবিদ আলি নামে এক তরুণকে গ্রেফতার করেছে শিবপুর থানার পুলিশ। শেখ আবিদের পুলিশি হেফাজত হলেও ধৃত কিশোরকে হোমে পাঠানো হয়েছে। আবিদকে জেরা করে পুলিশ জানতে পেরেছে, ওই চক্রটি হাওড়ার গ্রামীণ এলাকা থেকেই চালানো হয়। চক্রের সঙ্গে আর কারা জড়িত তাদের খোঁজে পুলিশ তল্লাশি চালাচ্ছে। পুলিশ জানিয়েছে, পাঁচলার বাসিন্দা আবিদ তার সঙ্গীদের নিয়ে রোজ সকালে ট্রেনে করে হাওড়া স্টেশনে চলে আসত। এরপর হাওড়া স্টেশন চত্বর সহ শিবপুর, ব্যাঁটরা, গোলাবাড়ি এলাকায় ঘুরে পার্কিংয়ে, রাস্তায় বা গলিতে দাঁড় করানো স্কুটি ও বাইকের লক সেফটিপিন দিয়ে খুলে গাড়ি স্টার্ট দিয়ে চালিয়ে নিয়ে তারা চম্পট দিত। চুরি করা গাড়ি চক্রের পাণ্ডাদের হাতে চলে যেত। গাড়ি বিক্রি করে কমিশনের ভিত্তিতে চক্রের সদস্যরা টাকা পেত।

**সিমবায়ক্স ইনভেস্টমেন্ট অ্যান্ড ট্রেডিং কো. লিমিটেড**

CIN : L65993WB1979PLC032012

রেজিস্টার্ড অফিস: ২২১, রবীন্দ্র সরণী, তৃতীয় তল, রুম নং-১, কলকাতা - ৭০০ ০০৭, টেলি - ৯৮৩০২-৭৪২২৭

ওয়েবসাইট : www.symioxinvestment.com, ই-মেল : symioxinvestment100@gmail.com

**এক্সট্রা অর্ডিনারি সাধারণ সভার বিজ্ঞপ্তি**

এতদ্বারা জানানো হচ্ছে যে, কোম্পানীজ অ্যাক্ট ২০১৩ ("দ্য অ্যাক্ট") প্রযোজ্য ধারা সহ সেবি (লিস্টিং অবলিগেশন্স অ্যান্ড ডিসক্লোজার রিকোয়ারমেন্টস) রেগুলেশন্স ২০১৫ ("লিস্টিং রেগুলেশন্স"), কর্পোরেট বিষয়ক মন্ত্রকের জারি করা জেনারেল সার্কুলার নং ১৪/২০২০ তাং ০৮.০৪.২০২০, জেনারেল সার্কুলার নং ১৭/২০২০ তাং ১৩.০৪.২০২০, জেনারেল সার্কুলার নং ৩৯/২০২০ তাং ৩১.১২.২০২০, ১০/২০২১ তাং ২৩.০৬.২০২১ ও ২০/২০২১ তাং ০৮.১২.২০২১ এবং ৩/২০২২ তাং ০৫.০৫.২০২২ এবং ১১/২০২২ তাং ০৮.১২.২০২২ অনুযায়ী সহ সেবি সার্কুলার (যেগুলি একত্রে "আনুষঙ্গিক সার্কুলার") অনুযায়ী কোম্পানির ব্যবসায়িক কার্যকলাপ সম্পাদনের জন্য কোম্পানি **এক্সট্রা অর্ডিনারি সাধারণ সভা ("ই ওজিএম"), সোমবার ২০ মার্চ, ২০২৩** দুপুর ১ টায় ভিডিও কনফারেন্সিং (ভিসি) / অন্যান্য অডিও ভিস্যুয়াল মাধ্যমে (ওএভিএম) অনুষ্ঠিত হবে। ভিসি / ওএভিএম-এর মাধ্যমে ইওজিএম-এ অংশগ্রহণকারী সদস্যদের অ্যাক্টের ১০৩নং ধারার অধীনে কোরাম নিশ্চিত করার উদ্দেশ্যে গননা করা হয়েছে।

সংশ্লিষ্ট সার্কুলার অনুযায়ী কোম্পানি / ডিপোজিটরি পার্টিসিপেন্টের কাছে নথিভুক্ত ই-মেলে সদস্যদের ইওজিএম-এর বিজ্ঞপ্তি, ই-ভোটিং নির্দেশাবলী সহ অন্যান্য আনুষঙ্গিক বিবরণ বৈদ্যুতিন মাধ্যমে ইতিমধ্যেই **মঙ্গলবার ২১.০২.২০২৩** এর মধ্যে পাঠানো হয়েছে। এছাড়াও রেজিস্ট্রার মেম্বার / বেনিফিসিয়ারি ওনার হিসাবে ন্যাশনাল সিকিওরিটিজ ডিপোজিটরিস লিমিটেড (এনএসডিএল) / সেন্ট্রাল ডিপোজিটরি সার্ভিসেস (ইন্ডিয়া) লিমিটেড (সিডিএসএল)-এ যেসব শেয়ারহোল্ডারদের নাম নথিভুক্ত আছে, তাঁদেরকে **১৩.০৩.২০২৩** তারিখে পাঠিয়ে দেওয়া হবে। সদস্যরা এছাড়াও ইওজিএম এর বিজ্ঞপ্তি কোম্পানির ওয়েবসাইট www.symioxinvestment.com-এ ও স্টক এক্সচেঞ্জ তথা বিএসই লিমিটেডের ও সিএসই লিমিটেড-এর ওয়েবসাইট www.bseindia.com ও ন্যাশনাল সিকিওরিটিজ ডিপোজিটরিস লিমিটেড (এনএসডিএল)-এর ওয়েবসাইট www.evoting.nsdl.com-এ পাবেন।

কোম্পানিজ অ্যাক্ট ২০১৩ এর সেকশন ১০৮ সহ কোম্পানিজ (ম্যানেজমেন্ট অ্যান্ড অ্যাডমিনিস্ট্রেশন), রুলস, ২০১৪ অনুযায়ী কোম্পানিটি এনএসডিএল এর মাধ্যমে সদস্যদের ব্যবসায়িক কার্যকলাপ সংক্রান্ত ব্যাপারে মতামত নেওয়ার জন্য রিমোট ই-ভোটিংয়ের ব্যবস্থা করেছে। এছাড়াও ইওজিএম অনুষ্ঠিত হওয়ার সময় বৈদ্যুতিন মাধ্যমেও ভোটিংয়ের ব্যবস্থা করেছে ও যাঁরা রিমোট ই-ভোটিংয়ের মাধ্যমে ভোট দিতে পারেননি, তাঁরা ইওজিএম-এ উপস্থিত থেকে ই-ভোটিং দিতে পারবেন।

কাট অফ তারিখ ১৩.০৩.২০২৩ এর হিসাবে যাঁরা রেজিস্ট্রার মেম্বার / রেজিস্ট্রার অফ বেনিফিসিয়াল ওনার্স হিসাবে ডিপোজিটরির কাছে নথিভুক্ত আছেন, তাঁরাও ইওজিএম-এ রিমোট ই-ভোটিংয়ের সুবিধা পাবেন। যেসব সদস্যরা কোম্পানির শেয়ার কিনেছেন কিন্তু ভোট দেওয়ার কাট অফ তারিখ তথা ১৩.০৩.২০২৩ এর বিজ্ঞপ্তি বেরোনোর পর কোম্পানির সদস্য হয়েছেন, তাঁরা evoting@nsdl.co.in আইডি-তে লগ ইন আইডি ও পাসওয়ার্ডের জন্য অনুরোধ পাঠাবেন অথবা যোগাযোগ করতে পারেন আরটিএএবিএস কনসালটেন্স প্রাঃ লিঃ-এর রেজিস্ট্রার এবং শেয়ারট্রান্সফার এজেন্ট-এর সঙ্গে এই ই-মেল আইডি তথা absconsultant@vsnl.net -এ।

১৭.০৩.২০২৩ (শুক্রবার) সকাল ৯টা (ভারতীয় সময়) থেকে বৈদ্যুতিন মাধ্যমে ভোটিং প্রক্রিয়া শুরু হবে ও ১৯.০৩.২০২৩ (রবিবার) বিকাল ৫টায় (ভারতীয় সময়) শেষ হবে। সদস্যরা উক্ত তারিখের পরে আর ভোট দিতে পারবেন না ও এনএসডিএল-এর বৈদ্যুতিন ই-ভোটিং মডিউলটি এরপর অকেজো হয়ে যাবে। মিসেস পুজা অমিত গালা (প্র্যাকটিসিং কোম্পানি সচিব)-কে ইওজিএম-এ রিমোট ই-ভোটিং প্রক্রিয়া সম্পন্ন করার জন্য স্ক্রুটিনাইজার হিসাবে নিযুক্ত করা হয়েছে। সদস্যরা যাঁরা ইওজিএম-এর পূর্বে রিমোট ই-ভোটিং প্রক্রিয়ার মাধ্যমে ভোট দিয়েছেন, তাঁরা ইওজিএম-এ অংশগ্রহণ করলেও ভোট দিতে পারবেন না।

কোম্পানীর সদস্য, যাঁরা ফিজিক্যাল ভাবে কোম্পানীর শেয়ার কিনেছেন কিন্তু এখনও তাঁদের ই-মেল আইডি নথিভুক্ত করতে পারেননি, তাঁরা কোম্পানির রেজিস্ট্রার ও শেয়ার ট্রান্সফার এজেন্ট মেসার্স এবিএস কনসালট্যান্ট প্রাঃ লিঃ-কে ই-মেল করে তাঁদের ই-মেল আইডি আপডেট করতে পারেন।

ই-ভোটিং সংক্রান্ত ব্যাপারে কারো কোনো জিজ্ঞাস্য অথবা অভিযোগ থাকলে তিনি তা এনডিএসএল অথবা রেজিস্ট্রার অফ কোম্পানি মেসার্স এবিএস কনসালট্যান্ট প্রাঃ লিঃ-কে এই ই-মেল আইডি evoting@nsdl.co.in অথবা absconsultant@vsnl.net-এ জানাতে পারেন।

বোর্ড-এর আদেশানুসারে,
সিমবায়ক্স ইনভেস্টমেন্ট অ্যান্ড ট্রেডিং কো. লিমিটেড-এর পক্ষে
স্বাক্ষর
মহাবীর ভার্মা
(ডিরেক্টর)
DIN : 08406239

স্থান : কলকাতা
তারিখ : ২২.০২.২০২৩

পাঞ্জাব নৈশনল বৈঙ্ক punjab national bank

**সংশোধনী**

গত ২১.০২.২০২৩ তারিখে এই সংবাদপত্রে প্রকাশিত দখল বিজ্ঞপ্তি শীর্ষক বিজ্ঞাপনে ক্রম নং - ৭-এর অ্যাকাউন্ট মেসার্স মা দুর্গা শঙ্খ শিল্পালয়-এর ক্ষেত্রে শাখার নাম হাটখোলা (এসওএল আইডি- ০৪৯৪২০)-এর পরিবর্তে গোড়াবাজার দমদম (এসওএল আইডি- ০৪৯৪২০) পড়তে হবে।

তারিখ : ২৩.০২.২০২৩ অনুমোদিত আধিকারিক
স্থান : কলকাতা পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক

**JAGADIS BOSE NATIONAL SCIENCE TALENT SEARCH**
1300, Rajdanga Main Road, Kolkata-700107, Tel.: 033-24428270

**(N.I T no. JBNSTS/9-1/2022-23/77Date.23/02/2023)**

Sealed tenders are invited by the Director on behalf of JAGADIS BOSE NATIONAL SCIENCE TALENT SEARCH, Kolkata from reliable & resourceful agencies for enlistment of caterers for supplying Food during different programmes for students and teachers.
For details, please visit our website:**www.jbnsts.ac.in**
Last date of submitting quotation: **March 2, 2023 up to 12.00 noon (IST)**
Opening of quotations:**March 2, 2023 at 03.00 pm (IST)**

বৈঙ্ক ऑफ़ बड़ौदा Bank of Baroda

**হলদিয়া শাখা**
গ্রাউন্ড ফ্লোর, ৪০১/১৮২, হলদিয়া টাউনশিপ, পূর্ব মেদিনীপুর - ৭২১৬০৭, ই-মেল : vjhald@bankofbaroda.com

**দখল বিজ্ঞপ্তি** (স্থাবর সম্পত্তির জন্য)

যথারীতি, নিম্নে স্বাক্ষরকারী ব্যাঙ্ক অফ বরোদা-এর অনুমোদিত আধিকারিকের পক্ষ থেকে বিজ্ঞাপিত করা হচ্ছে যে, সিকিউরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২-এর ১৩(২) সেকশন সহ সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২-এর ৩নং ধারা অনুযায়ী, ঋণগ্রহণকারী **মি. নীলকণ্ঠ ঢালি**-কে **১৩.০৭.২০২২ তারিখের হিসাবে ১৩,৬৪,০৩৭.০০ টাকা+অপ্রযোজ্য সুদ ২০,১৭৪.৪৬ টাকা** + দাবি বিজ্ঞপ্তি জারি করার তারিখ থেকে হিসাব করে টাকা পুনরুদ্ধারের দিন পর্যন্ত পরবর্তী সুদ+ কস্ট+অন্যান্য খরচ সহ মোট বকেয়া দাবি বিজ্ঞপ্তি পাওয়ার ৬০ দিনের মধ্যে শোধ করে দেওয়ার দাবি জানিয়ে জন্য **১৩.০৭.২০২২** তারিখে দাবি বিজ্ঞপ্তি পাঠানো হয়েছিল।

উপরোক্ত বিবৃত আইনের সেকশন ১৩(৪) সহ সিকিওরিটি ইন্টারেস্ট এনফোর্সমেন্ট রুলস, ২০০২-এর রুল ৮ অনুযায়ী এতদ্বারা ঋণগ্রহণকারী ও জনসাধারণের জ্ঞাতার্থে বিজ্ঞাপিত করা হচ্ছে যে, উপরোক্ত ঋণ নেওয়া ব্যক্তি ব্যাঙ্ক-কে ঋণ শোধ করতে না পারায় নিম্ন স্বাক্ষরিত ব্যক্তি নিম্নে বিবৃত সম্পত্তি ২১.০২.২০২৩ তারিখে দখল করে নেওয়ায় এই বিজ্ঞপ্তি প্রকাশ করছে।

এতদ্বারা ঋণগ্রহণকারী / জামিনদারদের / বন্ধকদারদের ও সার্বিকভাবে জনসাধারণকে এই মর্মে সাবধান করা যাচ্ছে যে, উক্ত সম্পত্তির সঙ্গে কোনো রকম ব্যবসায়িক কার্যকলাপ যেন না করা হয় ও উক্ত সম্পত্তির সঙ্গে কোনো রকম ব্যবসায়িক কার্যকলাপ থাকলে **ব্যাঙ্ক অফ বরোদা, হলদিয়া শাখা, জেলা : পূর্ব মেদিনীপুর ১৩,৬৪,০৩৭.০০ টাকা** এবং এর ওপর টাকা পরিশোধ হওয়ার দিন পর্যন্ত চুক্তিভিত্তিক হারে সুদ, কস্ট, চার্জ ও অন্যান্য ব্যয় সহ মোট বকেয়া জরিমানা করবে।

উক্ত অ্যাক্টের সেকশন ১৩-এর সাব-সেকশন-৮ অনুযায়ী বন্ধকী সম্পত্তি ছাড়ানোর জন্য যে সময় পাওয়া যাবে সে ব্যাপারে ঋণগ্রহণকারীর দৃষ্টি আকর্ষণ করা হচ্ছে।

**স্থাবর সম্পত্তির বিবরণ**

জমি সহ সম্পত্তির সমস্ত অংশ যেটি জেএল নং - ৪১৬, এলআর খতিয়ান নং - ৪৪২১, আরএস খতিয়ান নং - ১১০০, প্লট বিয়িং নং / এলআর দাগ নং - ৫০৫১, আরএস দাগ নং - ১৩৪৩, এলাকা : ১৭.৫ ডেসিমেল, মৌজা : কানাইদিঘি, কানাইদিঘি গ্রাম পঞ্চায়েতের আওতায়, থানা : মরিশদা, জেলা : পূর্ব মেদিনীপুর, পিন - ৭২১৪৪৪-তে নিবন্ধীকৃত। চৌহদ্দি — উত্তরে : আরএস প্লট নং - ৪১২৭, দক্ষিণে : গ্রামের রাস্তা, পূর্বে : তাপস প্রামাণিকের ফাঁকা জমি, পশ্চিমে : আরএস প্লট নং - ১৩৪৪। সম্পত্তিটি **মি. নীলকণ্ঠ ঢালির** নামে আছে।

তারিখ : ২১.০২.২০২৩ চিফ ম্যানেজার / অনুমোদিত আধিকারিক
স্থান : হলদিয়া ব্যাঙ্ক অফ বরোদা

**যূকো বৈঙ্ক UCO BANK**

**সল্টলেক জোনাল অফিস**
৩ এবং ৪, ডিডি ব্লক, সল্টলেক, সেক্টর-১, প্রথম তল, কলকাতা - ৭০০ ০৬৪

পরিশিষ্ট-IV, রুল-৮(১), **দখল বিজ্ঞপ্তি** (স্থাবর সম্পত্তির জন্য)

যথারীতি, সিকিওরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিওরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ (৫৪/২০০২) এর নিয়মানুযায়ী নিযুক্ত ১৩(১২) নং সেকশন ও সিকিওরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস ২০০২ এর (৩ নং রুল) অনুযায়ী প্রাপ্ত ক্ষমতা প্রয়োগে ইউকো ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক ঋণগ্রহণকারীকে দাবি বিজ্ঞপ্তি পাঠিয়ে বিজ্ঞপ্তিটি প্রকাশিত হওয়ার ৬০দিনের মধ্যে সুনির্দিষ্ট ঋণ, ব্যয়, কস্ট ও অন্যান্য চার্জ সহ মোট বকেয়া শোধ করার আহ্বান জানিয়েছিলেন।

ঋণগ্রহণকারী উক্ত অর্থাঙ্ক পরিশোধ করতে ব্যর্থ হয়েছেন ও সেই কারণে ঋণগ্রহণকারী ও জনসাধারণের উদ্দেশ্যে জানানো হচ্ছে যে, নিম্নোক্ত স্বাক্ষরকারী নীচে বর্ণিত সম্পত্তিটি উল্লিখিত অ্যাক্টের ১৩ নং সেকশন-এর ৪নং সাব-সেকশন ও সিকিওরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুল, ২০০২ এর ৮ নং ধারা বলে নীচে উল্লিখিত তারিখে অধিগ্রহণ করেছে।

বিশেষভাবে ঋণগ্রহণকারী ও সার্বিকভাবে জনসাধারণকে সতর্ক করা হচ্ছে যে, কেউ যেন উক্ত সম্পত্তি নিয়ে কোনো ব্যবসায়িক কার্যকলাপ না করে, নচেৎ ইউকো ব্যাঙ্ক, প্রাপ্য বকেয়া সহ উক্ত অর্থাঙ্কের ওপর আনুষঙ্গিক ব্যয়, খরচ ও চার্জ দাবি করবে।

উপরোক্ত বিবৃত আইনের সেকশন ১৩-এর সাব-সেকশান ৮ অনুযায়ী ঋণগ্রহণকারী জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, উক্ত সময়ের মধ্যে বন্ধক রাখা সম্পদ সুনিশ্চিত করুন।

| ক্র. নং | ঋণগ্রহণকারী / জামিনদার / ফিনান্সিং শাখার নাম | স্থাবর সম্পত্তির বিবরণ | ক) দাবি বিজ্ঞপ্তির তারিখ<br>খ) দখল বিজ্ঞপ্তির তারিখ<br>গ) প্রাপ্য বকেয়া |
|---|---|---|---|
| ১. | মিসেস. জিন্নাতারা বেগম মিদিয়া, স্বামী : জাহির আলি মিদিয়া, রাজমহল মার্কেট, রুম নং - ১০৫, হাওড়া, পঃবঃ - ৭১১৪০৩ এবং<br>জামিনদার : মি. জাহির আলি মিদিয়া, পিতা : হোসেন আলি, রাজমহল মার্কেট, রুম নং - ১০৫, হাওড়া, পঃবঃ - ৭১১৪০৩<br>শাখা : বাঁকড়া<br>ই-মেল : bankra@ucobank.co.in<br>যোগাযোগকারী ব্যক্তি : ব্রজেশ কুমার, মোবাইল নং - ৯৬৭০২৯৪১৯৩ | "কলকাতা ওয়েস্ট ইন্টারন্যাশনাল সিটি"-র ক্লাস্টার-১-তে দ্য রো হাউস ইউনিট নং-এ/০৮/২০১৭, টাউনশিপের আওতায় ১৪০৫ বর্গফুট সুপার বিল্টআপ এলাকাযুক্ত স্থাবর সম্পত্তির সমস্ত অংশ যেটি আরএস দাগ নং - ২৪৮(পি), এলআর দাগ নং - ২৬৮ (আরএস খতিয়ান নং - ৯৬৫৫), খতিয়ান নং - ১০০৪, মৌজা : বাঁকড়া, জেএল নং - ৫৫, পো: বাঁকড়া, থানা : ডোমজুর, জেলা : হাওড়া, এডিএসআরও : ডোমজুর, হাওড়াতে বুক নং - I, ভলিয়্যুম নং- ৫০৪, পৃষ্ঠা : ১৩৮২৩০ - ১৩৮২৭৪-তে নিবন্ধীকৃত ২০২১-এর ডিড নং - ০৫০৪০৪৪০৯ অনুযায়ী সম্পত্তিটি জাহির আলির মিদ্যার স্ত্রী মিসেস. জিন্নাতারা বেগম মিদিয়ার নামে আছে। সম্পত্তির চৌহদ্দি — উত্তরে : ১৬ ফুট চওড়া রাস্তা, দক্ষিণে : বসত বাড়ি, পূর্বে : আফসানা হুসেন-এর সম্পত্তি, পশ্চিমে : শান্তি সদনের সম্পত্তি। | ক) ১৩.১২.২০২২<br>খ) ২০.০২.২০২৩<br>গ) ২৯.১১.২০২২ তারিখের হিসাবে ২৯,৫৪,৬৪১/- টাকা (উনত্রিশ লাখ চুয়ান্ন হাজার ছয়শ একচল্লিশ টাকা মাত্র) (৩১.০৭.২০২২ তারিখ পর্যন্ত মূল্যায়িত সুদ সহ) এবং উপরোক্ত অর্থাঙ্কের সঙ্গে চুক্তি ভিত্তিক হারে পরবর্তী সুদ, ব্যয়, কস্ট ও চার্জ ইত্যাদি সহ। |

তারিখ : ২০.০২.২০২৩ অনুমোদিত আধিকারিক
স্থান : বাঁকড়া ইউকো ব্যাঙ্ক

**পাঞ্জাব নৈশনল বৈঙ্ক punjab national bank**

**সার্কেল শাস্ত্র সেন্টার**
দ্বিতীয় তল, শ্রী দুর্গা মার্কেট, পুলিশ লাইন বাজার, পো : শ্রীপল্লী, বর্ধমান (প:ব:), পিন - ৭১৩১০৩

**দখল বিজ্ঞপ্তি** (স্থাবর সম্পত্তির জন্য) পরিশিষ্ট-IV, রুল- ৮ (১)

সিকিওরিটাইজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অফ ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অফ সিকিওরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ এর নিয়মানুযায়ী নিযুক্ত ১৩নং সেকশন ও সিকিওরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর ৩নং রুল অনুযায়ী প্রাপ্ত ক্ষমতা প্রয়োগে নিম্নে স্বাক্ষরিত পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্কের অনুমোদিত আধিকারিক ঋণগ্রহণকারী / দের নিম্নে উল্লিখিত তারিখে দাবি বিজ্ঞপ্তি পাঠিয়ে, বিজ্ঞপ্তিটি প্রকাশিত হওয়ার / বিজ্ঞপ্তিটি পাওয়ার ৬০দিনের মধ্যে সুনির্দিষ্ট ঋণ-সহ বিজ্ঞাপিত বকেয়া শোধ করার আহ্বান জানিয়েছেন। ঋণগ্রহণকারীরা উক্ত অর্থাঙ্ক দিতে ব্যর্থ হয়েছেন ও সেই কারণে ঋণগ্রহণকারী ও জনসাধারণের উদ্দেশ্যে জানানো হচ্ছে যে, নিম্নোক্ত স্বাক্ষরকারী নীচে বর্ণিত সম্পত্তি উল্লিখিত অ্যাক্টের ১৩ নং সেকশনের ৪নং সাব সেকশন সহ সিকিওরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ এর ৮ নং ধারা বলে নিম্নে উল্লিখিত তারিখে অধিগ্রহণ করে নিয়েছে। বিশেষভাবে ঋণগ্রহণকারী / দের ও সার্বিকভাবে জনসাধারণকে এই মর্মে সতর্ক করা হচ্ছে যে, কেউ যেন উক্ত সম্পত্তি / গুলি নিয়ে কোনো ব্যবসায়িক কার্যকলাপ না করে, নচেৎ পাঞ্জাব ন্যাশনাল ব্যাঙ্ক, মূল অর্থ সহ উক্ত অর্থাঙ্কের ওপর সুদ দাবি করবে। **উপরোক্ত বিবৃত আইনের সেকশন ১৩-এর সাবসেকশান ৮ অনুযায়ী ঋণগ্রহণকারী / জামিনদার/বন্ধককারীদের জ্ঞাতার্থে জানানো হচ্ছে যে, উক্ত সময়ের মধ্যে বন্ধক রাখা সম্পদ সুনিশ্চিত করুন।**

| ক্র. নং | শাখা ও ঋণগ্রহণকারীর নাম সহ ঠিকানা | স্থাবর ও অস্থাবর সম্পত্তির বিবরণ | ক. দাবি বিজ্ঞপ্তির তারিখ<br>খ. দখল বিজ্ঞপ্তির তারিখ<br>গ. প্রাপ্য বকেয়া |
|---|---|---|---|
| ১. | শাখা : পানুহাট (১১৩২২০), জেলা : পূর্ব বর্ধমান<br>ঋণগ্রহণকারী :<br>১. মুজিবর রহমান সেখ, পিতা : আকসাদ সেখ<br>২. আহ্লাদি বিবি সেখ, স্বামী : বাগবুল সেখ<br>ওয়ার্ড নং - ১, কাটোয়াপাড়া, পো + থানা : কাটোয়া, পিন - ৭১৩১৩০, পূর্ব বর্ধমান<br>এ/সি নং- ১১৩২২১০০৩১৬৫৭, ১১৩২৩০০৬৬১৪৪৮৯ | জমি ও বাড়ির সমস্ত অংশ যেটি জেলা : পূর্ব বর্ধমান, থানা : কাটোয়া, মৌজা : কাটোয়া, জেএল নং - ২১, খতিয়ান নং - ১২১৬১, ১২১৬২, প্লট নং - ১০৫১/৩০১৪, এলাকা : কমবেশি ১.২ শতক, এডিএসআর কাটোয়াতে নিবন্ধীকৃত গিফট ডিড নং - ৩৯৪৭/২০০১ অনুযায়ী সম্পত্তিটি আকসাদ সেখের পুত্র **মুজিবর রহমান** এবং বাগবুল সেখের স্ত্রী : **আহ্লাদি বিবির নামে** আছে। **চৌহদ্দি** — উত্তরে : বিলাল সেখের বাড়ি, দক্ষিণে : বাবলু সেখের বাড়ি, পূর্বে : অ্যাডভোকেট জাহাঙ্গীর কবীর, পশ্চিমে : ফাঁকা জমি। | ক. ১১.০৭.২০২২<br>খ. ১৮.০২.২০২৩<br>গ. ৩০.০৬.২০২২-এর হিসাবে ১০,৪১,০৮৫.৭০ টাকা (দশ লাখ একচল্লিশ হাজার পঁচাশি টাকা ও সত্তর পয়সা মাত্র) ও পরবর্তী সুদ সহ। |
| ২. | শাখা : বর্ধমান (০২২৪১০), জেলা : পূর্ব বর্ধমান<br>ঋণগ্রহণকারী :<br>১. শ্রী স্বপন ঘোষ, পিতা : গোলক পতি ঘোষ<br>২. মিঠু ঘোষ, স্বামী : শ্রী স্বপন ঘোষ<br>গ্রাম : খানপুর, মালডাঙা, জেলা : পূর্ব বর্ধমান, পিন - ৭১৩১৪৫, পশ্চিমবঙ্গ<br>এ/সি নং- ০২২৪৬০১১০০১৭১৩, ০২২৪৬০১১০০১৮২৯, ০২২৪৬০৫১০০০১০৩, ০২২৪৭৫১১০০০১৪৫ | জমি ও বাড়ির সমস্ত অংশ যেটি জেলা : পূর্ব বর্ধমান, থানা : মন্তেশ্বর, মৌজা : খানপুর, জেএল নং - ১১, এলআর খতিয়ান নং - ১১৬২, এলআর প্লট নং - ১০৩৯, এলাকা : কমবেশি ১৭৪২ বর্গফুট অর্থাৎ ৪ ডেসিমেল, নিবন্ধীকৃত ডিড নং - ২০০১-এর ২৩৮৬ অনুযায়ী সম্পত্তিটি **মিঠু ঘোষের নামে** আছে। **চৌহদ্দি** — উত্তরে : ফাঁকা জমি, দক্ষিণে : শুভাশিষ রায় (হোমিও ক্লিনিক), পূর্বে : ফাঁকা জমি, পশ্চিমে: মালডাঙ্গা বর্ধমান রোড। | ক. ২০.০৯.২০২২<br>খ. ১৮.০২.২০২৩<br>গ. ২০.০৯.২০২২-এর হিসাবে ৩০,৬৪,৭৪৬.৫৮ টাকা (ত্রিশ লাখ চৌষট্টি হাজার সাতশ ছেচল্লিশ টাকা ও আটান্ন পয়সা মাত্র) ও পরবর্তী সুদ সহ। |

তারিখ : ২৩.০২.২০২৩, স্থান : বর্ধমান — মি. মণীশ কুমার পাণ্ডে, চিফ ম্যানেজার ও অনুমোদিত আধিকারিক